# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
কক্ষ নং-০০৩, ব্লক-বি, নীচ তলা, পানি ভবন,
৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৯৭

OFFICE OF THE DIRECTOR
DTE. OF ESTATE & TRANSPORT,
ROOM NO-003, BLOCK-B, GROUND FLOOR, PANIBHABAN,
72 GREENROAD (PANTHAPATH), DHAKA-1205.
PHONE: 02222230097
E-mail:dir.estate@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.০৯৯.২০-৭৭১ তারিখঃ ২১-০৪-২০২২ খ্রিঃ।

বরাবর
প্রধান প্রকৌশলী,
................................
বাপাউবো,...................

বিষয়ঃ বাপাউবোর্ডের উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধি মোতাবেক দপ্তরের TO & E তে অর্ন্তভূক্তকরন সহ TO & E এর কপি অত্র দপ্তরে প্রেরণ প্রসংগে।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, বাপাউবোর্ডের উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধি মোতাবেক দপ্তরের TO & E তে অর্ন্তভূক্ত করত: পানি সম্পদ মন্ত্রণালয়কে জানানোর জন্য ০৬.০৪.২০২২ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহিত হয় (সভার কার্য বিবরণী সংযুক্ত)। তদানুযায়ী আপনার অধীনস্থ দপ্তরসমূহের গাড়ীর তথ্যাদি একীভূত করে আগামী ১০(দশ) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য আদিষ্টমতে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৭/০৪/২০২২
(মোঃ মনিরুজ্জামান)
উপ-পরিচালক (যান)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.৯৯.২০-৭৭১ তারিখঃ ২১-০৪-২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। সচিব, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক...................................................বাপাউবো,................।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি সেল. বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী,...............................বাপাউবো,...................................। তাঁর দপ্তরের গাড়ী TO & E তে অর্ন্তভূক্ত করত: প্রমাণকসহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/অর্থ/প্রশাসন)
৭। দপ্তর কপি/মাস্টার কপি।

২৭/০৪/২০২২
(মোঃ মনিরুজ্জামান)
উপ-পরিচালক (যান)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

প্রশাসন-১ শাখা

নং ২৫৫৩
* উপ-পরিঃ (প্রঃ)
* উপ-পরিঃ (যান)
* উপ-পরিঃ (জাবা)
* এস.ডি.ই (পুর)
* এস.ডি.ই (পুল)
* সহঃ পরিঃ (প্রঃ)
* পি.এ টু পরিঃ
* ঊর্ধ্বতন হিসাব সহকারী

তাং ২০/০৪/২২
* উপস্থাপন করুন।
* আলোচনা করুন।
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
* নথিসহ পেশ করুন।
* অতি জরুরী / জরুরী।
* পরীক্ষান্তে পেশ করুন।
* নথিভুক্ত রাখুন।

পরিচালক (সওযা)

| | |
|---|---|
| সভাপতি | মিজানুর রহমান<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬/০৪/২০২২ খ্রি.। |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের "উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর" বিষয়ে গত০৬/০৪/২০২২ তারিখ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের প্রশ্নের জবাবে বাপাউবো'র প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমাপ্তকৃত প্রকল্পের সংখ্যা ৪টি। এ প্রকল্পসমূহে ৯টি গাড়ি ক্রয় করা হয়েছিল। গাড়ীগুলো বর্তমানে বাপাউবো'র বিভিন্ন দপ্তরে ব্যবহৃত হচ্ছে। সভাপতি মহোদয় বলেন যে, কেবল ২০২০-২০২১ অর্থবছর নয় এ পর্যন্ত সমাপ্তকৃত সকল প্রকল্পের গাড়ী এবং ইকুইপমেন্টের তথ্য জানা প্রয়োজন। যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: আজাদুর রহমান মল্লিক জানান যে, প্রকল্পের গাড়ী হস্তান্তর ও ব্যবহারের বিষয়ে করণীয় সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/০১/২০০৬ তারিখের সম(পরি)-স্থায়ী কমিটি/ ৪৪/২০০৫(অংশ-১)-৭২১ সংখ্যক পরিপত্রে নির্দেশনা রয়েছে। এছাড়াও ১১/০৫/১৯৯৯ তারিখের প-৫/৯৮-১৫৮(২০০) সংখ্যক স্মারকে মোটরযান ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরন ও নিষ্পত্তি নীতিমালা অনুসরণপূর্বক গাড়ী অচল ঘোষণা করা যাবে ও পরবর্তীতে টিওএন্ডই ভুক্ত করে ব্যবহার করা যাবে। পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থাকে এ পরিপত্র মেনে চলতে হবে। এ পর্যায়ে সভাপতি মহোদয় জানান যে, প্রকল্প হতে ক্রয়কৃত গাড়ী পরিবহন পুলে জমা দিতে হবে। অনুমতি ব্যতিরেকে এসব গাড়ী ব্যবহার করলে ড্রাইভারদের বেতন, ওভারটাইম এবং জ্বালানী ব্যয় নিয়ে অডিট আপত্তি উত্থাপিত হবে। সভাপতি মহোদয় আরও বলেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী কেবলমাত্র To&E ভুক্তকরে এসব গাড়ী সংস্থা ব্যবহার করতে পারবে। সে জন্য সকল সংস্থার To&E ভুক্ত গাড়ীর সংখ্যা, বর্তমানে ব্যবহৃত গাড়ীর সংখ্যা, অচল ঘোষিত গাড়ীর সংখ্যা জানা আবশ্যক।

৩। এ বিষয়ে সভাপতি মহোদয় জানাতে চাইলে বাপাউবো'র প্রতিনিধি জানান, এ বিষয়ে তার কাছে তথ্য নেই। তথ্য সংগ্রহপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করা হবে। ওয়ারপো'র প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বাস্তবায়নাধীন সমাপ্তযোগ্য কোন প্রকল্প না থাকায় এ সংস্থার কোন গাড়িও নেই। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি জানান, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের To&E বর্হিভূত ২টা গাড়ি রয়েছে। তার মধ্যে ১টি গাড়ি পরিবহন পুলে জমা দেয়ার জন্য পত্র দেয়া হলে পরিবহন পুল হতে জানানো হয়েছে। গাড়িটি অনেক পুরাতন ও ব্যবহার অনুপযোগী হওয়ায় অকেজো ঘোষণা করতে হবে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। নদী গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি জানান, নদী গবেষণা ইনস্টিটিউট ইতোমধ্যে To&E ভুক্ত ২টি গাড়ী অকেজো ঘোষণা করেছে। সমাপ্ত প্রকল্পের ২টি গাড়ী To&E ভুক্তকরণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে। সভাপতি মহোদয় অচল ঘোষিত গাড়ী বিক্রয়পূর্বক বিধি মোতাবেক অর্থ সরকারি কোষাগারে জমাদানের নির্দেশনা প্রদান করেন। জেআরসি প্রতিনিধি জানান, যৌথ নদী কমিশন, বাংলাদেশ কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে না। তাই এ সংস্থার কোন গাড়ি নেই।

৪। এছাড়াও সভায় উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর প্রকল্প থেকে ক্রয়কৃত গাড়ী ও ইকুইপমেন্ট সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত |
|---|---|
| ক) | সংস্থাসমূহের টিওএন্ডই অন্তর্ভুক্ত গাড়ী এবং উন্নয়ন প্রকল্প হতে ক্রয়কৃত গাড়ী ও ইকুইপমেন্ট এর হিসাব আগামী ১৪ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করতে হবে। |

...কয়ে সরকারি কোষাগারে অর্থ জমা দিয়ে সংশ্লিষ্ট সকলকে

| | |
|---|---|
| | অবাহত করতে হবে। |
| গ) | প্রয়োজনে To&E ভুক্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে প্রকল্পের গাড়ী সংস্থাগুলো ব্যবহার করবে। |
| ঘ) | সংস্থাসমূহ হতে পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তির পর পুনরায় সভা আহ্বান করতে হবে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিজানুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৮৭.১৭.৯৯ তারিখ: ২৯ চৈত্র ১৪২৮

১২ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।
৫) যুগ্মসচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৭) উপসচিব, উন্নয়ন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, উন্নয়ন-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) উপসচিব, উন্নয়ন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) উপসচিব, উন্নয়ন-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) পরিচালক (রুটিন দায়িত্ব), সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৬) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মিতু মরিয়ম
সিনিয়র সহকারী সচিব